

সংখ্যা : ১৫.৫৫.০০০০.৩০৩.২৫.১৭৭.২২.২৩৭


তারিখ : ২৭ জুন ২০২২ খ্রি.

প্রেস রিলিজ

আজ জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটে অডিও ভিজুয়াল সংবাদ প্রবর্তন এবং ভিজুয়াল সংবাদ তৈরীতে সক্ষমতা বৃদ্ধি শীর্ষক প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহনকারী বাসস সংবাদিকদের সনদ পত্র প্রদান করা হয়। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব শাহিন ইসলাম, এনডিসি সনদপত্র প্রদান অনুষ্ঠানটির সভাপতিত্ব করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকেন বাসস এর মহাব্যবস্থাপক ও প্রধান সম্পাদক জনাব আবুল কালাম আজাদ। কর্মশালাটি পরিচালনা করেন জনাব মো: নজরুল ইসলাম, পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল) এবং কর্মশালায় রিপোর্টার ও সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করেন গবেষণা কর্মকর্তা জনাব মো: ফাইম সিদ্দিকী।

বাসস-এর সংবাদিকদের আধুনিক প্রযুক্তি ব্যবহারে সক্ষমতা বৃদ্ধিকল্পে ৫দিন ব্যাপী এই প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়। এ কর্মশালায় ২২ জন সংবাদ কর্মী অংশ নেন।

প্রধান অতিথি তাঁর বক্তব্যে অডিও-ভিজুয়াল সংবাদ প্রবর্তন, গুজব, ভূয়া সংবাদ ও তথ্য যাচাই, চতুর্থ শিল্প বিপ্লব এবং মোবাইল জার্নালিজম বিষয়সমূহের গুরুত্ব তুলে ধরেন এবং সাংবাদিকগণ কর্মশালা হতে অর্জিত জ্ঞান কর্মক্ষেত্রে প্রয়োগ করবেন বলে আশাবাদ ব্যক্ত করেন।


আবদুল হান্নান
(গণসংযোগ কর্মকর্তা)
ফোন : ৫৫০৭৯৪৩৮-৪২

বিতরণ:

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা।
- ২। মূখ্য বার্তা সম্পাদক/চীফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন/বাংলাদেশ বেতার/ বাংলাদেশ সংবাদ সংস্থা/এটিএনবাংলা/চ্যানেল আই/একুশেটিভি/এনটিভি/সময়টিভি/দৈনিক ইত্তেফাক/দৈনিক জনকণ্ঠ/দৈনিক প্রথম আলো/দৈনিক যুগান্তর/বাংলাদেশ প্রতিদিন/দৈনিকভোরের পাতা/দৈনিকসকালের খবর/দৈনিক ভোরের কাগজ/।
- ৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। কার্যালয় নথি।